



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ।

E-Mail: deosirajgonj@gmail.com
Web: deo.sirajganj.gov.bd



স্মারক নং-জেসিঅ/সিরাজ/২০২৪/ ২০৫

তারিখ: ১৯/০৩/২০২৪ খ্রি।

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ই-রিকুইজিশনে সঠিক ভাবে চাহিদা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নির্ধারিত তারিখে জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জে উপস্থিত থাকা প্রসঙ্গে।

সূত্র : ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪.৫৫, তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শূন্যপদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) ই-রিকুইজিশন চাহিদা প্রদানকারী প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কাগজপত্রাদি (ই-রিকুইজিশন চাহিদার কপি, এমপিওকপি, সকল বিষয়/অতিরিক্ত শ্রেণি শাখা খোলারপত্র, হিন্দু ধর্ম শিক্ষকের ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের পরিদর্শন প্রতিবেদন এবং সংযুক্ত ছকে বর্ণিত চাহিদার তথ্য প্রত্যেক প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ডসহ) নিম্নবর্ণিত উপজেলার পাশে উল্লিখিত তারিখে তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানগণকে উপস্থিত থাকার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। বিশেষ ভাবে উল্লেখ্য যে, সহকারী শিক্ষক (জীববিজ্ঞান), সহকারী শিক্ষক (গার্হস্থ্যবিজ্ঞান) এবং সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) এই ০৩ (তিন) পদের ক্ষেত্রে শিক্ষার্থী থাকা সাপেক্ষে ১২/০৬/২০১৮ খ্রি. তারিখের পূর্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনকৃত বিষয়/শাখা খোলারপত্র থাকতে হবে। পূর্ব হতে অতিরিক্ত শিক্ষক এমপিওভুক্ত থাকলে সেই শিক্ষককে যোগ্যতার ভিত্তিতে প্যাটার্নভুক্ত পদে সমন্বয়পূর্বক পরবর্তীতে পদের প্রাপ্যতা সাপেক্ষে শিক্ষকের জন্য চাহিদা প্রদান করতে হবে।

ক্রমিক নং	উপজেলার নাম	উপস্থিত হওয়ার তারিখ	মন্তব্য
১	সিরাজগঞ্জ সদর ও চৌহালী	২৭/০৩/২০২৪	
২	তাড়াশ ও বেলকুচি	২৭/০৩/২০২৪	
৩	কাজিপুর	৩১/০৩/২০২৪	
৪	শাহজাদপুর ও কামারখন্দ	৩১/০৩/২০২৪	
৫	উল্লাপাড়া	০১/০৪/২০২৪	
৬	রাঙ্গামা	০১/০৪/২০২৪	



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
www.seo.kazipur.sirajganj.gov.bd



স্মারক নংঃ উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৪/৭৯

তারিখঃ ১৯/০৩/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ই-রিকুইজিশনে সঠিকভাবে চাহিদা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ৩১/০৩/২০২৪ খ্রিঃ তারিখে জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
..., স্কুল, মাদ্রাসা, কারিগরি
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্বাক্ষরিত
(মোঃ আফছার আলী)
জেলা শিক্ষা অফিসার (অতি: দাঃ)

ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(অতি: দাঃ)